দৈনিক সংবাদ

তারিখ 0 6 JUN 1993

পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ...

# চট্টগ্রাম মেডিক্যালে ছাত্র রাজনীতি বন্ধ হচ্ছে

।। শহীদুল ইসলাম বাচ্চু ।।

চট্টগ্রাম, ৫ই জুন।— চট্টগ্রাম মেডিক্যাল কলেজে ছাত্র রাজনীতি পুরোপুরিভাবে বন্ধ বা নিষিদ্ধ করার উদ্যোগ নেয়া হয়েছে। তবে প্রক্রিয়াটি হবে ধীরগতির। প্রাথমিক পদক্ষেপ হিসেবে কতিপয় বিধি-নিষেধ বা নিয়ন্ত্রণ আরোপের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। কর্তৃপক্ষের এই উদ্যোগকে কেন্দ্র করে দু'একটি ছাড়া বেশিরভাগ ছাত্র সংগঠনের নেতা-কর্মী ও সাধারণ ছাত্রছাত্রীদের মধ্যে প্রচণ্ড ক্ষোভ বিরাজ করছে।

সংশ্লিষ্ট একটি সূত্রে জানা যায়, গত বছরের ১৩ই সেপ্টেম্বর কলেজ ক্যাম্পাসে দু'টি বিবদমান ছাত্র সংগঠনের মধ্যে এক সংঘর্ষের পর কর্তৃপক্ষ চট্টগ্রাম মেডিক্যাল কলেজে অনির্দিষ্টকালের জন্য 'ছাত্র রাজনীতি' নিষিদ্ধ ঘোষণা করেন। নিষেধাজ্ঞা তুলে নেয়ার জন্য ছাত্রছাত্রীরা বারবার দাবি জানাতে থাকে।

উপর্যুপরি দাবির মুখে প্রায় ৮ মাস পর কলেজ অধ্যক্ষ গত ২৯শে মে একটি জরুরী সভা আহ্বান করেন। জানা গেছে, সভায় এই মর্মে সিদ্ধান্ত নেয়া হয় যে— (১) চট্টগ্রাম মেডিক্যাল কলেজ রাজনীতিচর্চার জায়গা নয়, (২) শুধু ছাত্র সংসদ (চামেকসু) থাকবে ও ছাত্র সংসদের নির্বাচনের আগে নিয়ন্ত্রিত ছাত্র রাজনীতিচর্চা করতে দেয়া হবে, (৩) নির্বাচনের পর কলেজে সকল ছাত্র সংগঠনের তৎপরতা বন্ধ রাখতে হবে এবং (৪) চট্টগ্রাম মেডিক্যাল কলেজের কোন ছাত্র সংগঠন তাদের সংগঠনের মহানগরী শাখার কোন নেতা কিংবা জাতীয় নেতৃবৃন্দকে মেডিক্যাল কলেজের কোন রাজনৈতিক (সাংগঠনিক) সভায় দাওয়াত দিয়ে নিয়ে আসতে পারবে না।

চট্টগ্রাম : পৃঃ ৬ কঃ ৬

## চট্টগ্রাম : মেডিক্যাল কলেজে ছাত্র রাজনীতি বন্ধের উদ্যোগ

( ১ম পৃষ্ঠার পর )

কর্তৃপক্ষের এসব সিদ্ধান্ত সম্পর্কে একজন ছাত্রনেতা 'সংবাদ'কে জানান, শান্তি-শৃঙ্খলা রক্ষার নামে এটি একটি চরম স্বৈরাচারী ও অগণতান্ত্রিক সিদ্ধান্ত। এই সিদ্ধান্ত আসলে ক্যাম্পাস থেকে ছাত্র রাজনীতি পুরোপুরিভাবে উঠিয়ে দেয়ার এক সুগভীর ও সুপরিকল্পিত ষড়যন্ত্রেরই অংশ। সাধারণ ছাত্র সমাজ এরকম 'মৌলিক অধিকার হরণকারী' সিদ্ধান্ত মেনে নেবে না।

চমেকসু'র সাবেক সহ-সভাপতি ডাঃ নাজমুল ইসলাম মুন্না, ছাত্রলীগ চমেক শাখার সাবেক সভাপতি আহসান হাবীব হেলাল, সাবেক চমেকসু ভিপি ডাঃ মুশতাক মাহমুদ তিতাস, বর্তমান ভিপি ও চমেক ছাত্রলীগের সভাপতি কাজী নাসিমুর রহমান, ছাত্রলীগের সাধারণ সম্পাদক ফয়সল ইকবাল চৌধুরী, চমেকসু জিএস তারিকুল ইসলাম, এজিএম রবিউল করিম, সাবেক সাহিত্য সম্পাদক ডাঃ বিএম আতিকুজ্জামান প্রমুখ এক বিবৃতিতে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ কর্তৃপক্ষের 'অগণতান্ত্রিক ও মৌলিক অধিকার পরিপন্থী সিদ্ধান্ত' প্রত্যাহার করার দাবি জানান।